

বিজনেস স্টাডিজ অনুষদ ও আইবিএ

ইউনিট-বি

রাজশাহী বিশ্ববিদ্যালয়

মেমো নং- ৭৮১/বি. স্টা./বিবিএ প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা-২০২০-২১/৩৪

তারিখ : ২৮/১২/২০২১

নোটিশ

বিজনেস স্টাডিজ অনুষদ ও আইবিএ (ইউনিট-বি) বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা ২০২০-২০২১ শিক্ষাবর্ষে বাণিজ্য ও অ-বাণিজ্য গ্রুপের ৬ষ্ঠ অপেক্ষামান তালিকার ভর্তি কার্যক্রম শেষে আসন শূন্য থাকায় অপেক্ষামান তালিকা থেকে মেধাক্রম অনুসারে বিভাগের শূন্য আসনের বিপরীতে ভর্তির জন্য ৭ম অপেক্ষামান তালিকা প্রকাশ করা হলো। নির্বাচিত ছাত্র/ছাত্রীদের আগামী ২৯/১২/২০২১ থেকে ০২/০১/২০২২ (শুক্র ও শনিবার ব্যতিত) তারিখ সকাল ১০:০০ থেকে দুপুর ২:০০ টার মধ্যে ডীনস কমপ্লেক্স ভবনের ৩য় তলায় অধিকর্তা মহোদয়ের কক্ষে সাক্ষাৎকারে অংশগ্রহণ করে উল্লিখিত তারিখ মধ্যেই অনলাইনে (<http://admission.ru.ac.bd>) ভর্তি ফরম পূরণ করার পর দুই কপি প্রিন্ট করে অফিস চলাকালীন সময়ে বিজনেস স্টাডিজ অনুষদ অফিসে (ডীনস কমপ্লেক্স, তৃতীয় তলা, রুম নং ৩১৮) এসে ভর্তির পরবর্তী কার্যক্রম সম্পন্ন করতে হবে। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে ভর্তির সকল প্রক্রিয়া সম্পন্ন করতে না পারলে পরবর্তীতে ভর্তির আর কোন সুযোগ থাকবে না।

আসন ফাঁকা থাকা সাপেক্ষে মেধাক্রম অনুসারে পরবর্তী তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (<http://admission.ru.ac.bd>) প্রকাশ করা হবে।

কোন ভর্তিছু যদি ভর্তিকৃত বিভাগেই থাকতে চান তাকে অনলাইন ভর্তির ওয়েবপেজে লগ-ইন করে ০২/০১/২০২২ তারিখ বিকাল ৪:৩০ এর মধ্যে অটো-মাইগ্রেশন বন্ধ (Stop automigration)-এর অপশন বেছে নিতে হবে।

নির্বাচিত ছাত্র/ছাত্রীদেরকে নিম্নে উল্লিখিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবেঃ

১. ভর্তির জন্য নির্বাচিত সকল ছাত্র/ছাত্রীকে অনলাইনে (<http://admission.ru.ac.bd>) ৪,৯১০.০০ (চার হাজার নয়শত দশ) টাকা মাত্র জমা দিয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি ফরম পূরণ করতে হবে। ভর্তি সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলী (<http://admission.ru.ac.bd> এর মধ্যে online admission guideline) এ পাওয়া যাবে।

২. ভর্তির সময় (অফিস চলাকালীন সময়ে) নিম্নের ডকুমেন্টসমূহ A4 সাইজ খামে (খামের উপর ভর্তিচুর নাম, পিতার নাম, রোল নং, মেধাক্রম, মোবাইল নং এবং জমাকৃত ডকুমেন্ট সমূহের তালিকা লিখে) অনুষদ অফিসে জমা দিতে হবে।

ক) ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (পরীক্ষার হলে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত)।

খ) এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষার মূল মার্কসশীট।

গ) এইচ.এস.সি./সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড

গ) Online এ পূরণকৃত ভর্তি ফরম (২ কপি) এর প্রিন্ট কপি।

উল্লেখ্য যে, জমাকৃত কাগজপত্র এক বছর সংশ্লিষ্ট বিভাগীয় অফিসে জমা রাখা হবে। নিজের পরবর্তী প্রয়োজনের জন্য সকল কাগজের ফটোকপি রাখার জন্য জানানো যাচ্ছে।

শর্তাবলীঃ

ক) ছাত্র/ছাত্রীদের প্রদত্ত তথ্যাবলীতে কোন অসঙ্গতি পরিলক্ষিত হলে ভর্তি বাতিল করা হবে।

খ) প্রকাশিত ফলাফলে কোন ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা যথাযথ (ইউনিট-বি) কর্তৃপক্ষ সংরক্ষণ করে।



২৮.১২.২০২১

(প্রফেসর ড. জিন্নাত আরা বেগম)

চীফ কো-অর্ডিনেটর, ইউনিট-বি

বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা কমিটি ২০২০-২১

ও

পরিচালক, ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট

রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।